

28

## কয়েকটি কলেজের সমস্যা

শরীয়তপুর জেলায় সাতটি ও কালিয়াকৈরের বেসরকারী কলেজের আর্থিক সঙ্কটের কারণে ব্রহ্মশিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষাদান ব্যাহত হইতেছে। শিক্ষকরা অনেকক্ষেত্রেই দীর্ঘদিন বেতন পাইতেছে না। খবর ইতিহাসিক সংবাদপত্রাদেশের।

শরীয়তপুর : শরীয়তপুর জেলার ৬টি উপজেলার ৭টি বেসরকারী মহাবিদ্যালয় আর্থিক সঙ্কটের কারণে সংস্কার না হওয়ায় লেখাপড়া ব্যাহত হইতেছে। ডামুড্যা, ভেদরগঞ্জ, জাজিরা, ইদিলপুর, পণ্ডিতসার, জয়নগর ও উপাসী কলেজসমূহে প্রয়োজনীয়সংখ্যক শিক্ষক, শিক্ষা উপকরণের অভাব, বই-পুস্তক, চেয়ার-বেঞ্চ, টেবিল ও অন্যান্য আসবাবপত্রের অভাব এবং সরকারী মঞ্জুরী না থাকায় লেখাপড়ায় (৫ম পৃ: ৫২)

## কয়েকটি কলেজের সমস্যা

(৩য় পৃ: পর)

সংকট দেখা দিয়াছে। মহাবিদ্যালয়গুলির শিক্ষকগণ বেতন পান না। খেলাধুলার সরঞ্জামের অভাব রহিয়াছে। অধিকাংশ মহাবিদ্যালয়ে নলকূপ ও শোচাগার নাই। মাঠগুলিতে মাটি ভরাট প্রয়োজন। ছাত্রাবাস ও শিক্ষকদের থাকার কোয়ার্টার নাই।

### কালিয়াকৈর (গাজীপুর) :

অর্থাভাবে কালিয়াকৈর কলেজটির একটি দ্বিতল দালানের নির্মাণ কাজ অর্ধ সমাপ্ত থাকায় ছাত্র-ছাত্রীদের লেখাপড়ায় সমস্যার সৃষ্টি হইয়াছে। কলেজ লাইব্রেরীতে প্রয়োজনীয় বই নাই। প্রয়োজনীয়সংখ্যক বেঞ্চ না থাকায় জরুরী প্রয়োজনে অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান হইতে ধার আনিতে হয়। ল্যাবরেটরীতে উপযুক্ত যন্ত্রপাতি নাই। অধ্যাপকদের প্রায় ৮ মাসের বেতন বাকী পড়িয়াছে। ঢাকা-কালিয়াকৈর বা নবীনগর বাসটি কলেজ পর্যন্ত চালু না থাকায় ছাত্র-ছাত্রীদের যাতায়াতে কষ্ট পোহাইতে হয়।

48